Alpana Majumder
3.11.18

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## Third Term Test – 2018

**Sub: Bengali Text** – Answers **Class: VI** **F. M. 90**

**Duration: 2 Hrs 30 Min** **Date: 03.11.18**

(বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিষ্কার ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারে)

## বিভাগ-ক (২৫)

**১) সঠিক উত্তরটি বেছে লেখঃ** (৫ × ১ = ৫)

| | | |
|---|---|---|
| ১.১ | নবীন ডাক্তার হওয়ার বদলে কী হয়েছিল? – | (ক) দেশসেবক |
| ১.২ | নারায়ণ গঙ্গোপাধ্যায়ের এক অসাধারণ সৃষ্টি হল - | (খ) টেনিদা |
| ১.৩ | সুকান্ত ভট্টাচার্যের বিখ্যাত কাব্যগ্রন্থ হল - | (ক) ছাড়পত্র |
| ১.৪ | 'বঙ্গভূমির প্রতি' কবিতাটি কবি কাকে লিখেছিলেন? - | (ঘ) রাজনারায়ণ বসুকে |
| ১.৫ | একসময়ে আস্তাকুড়ে কে এল? | (খ) মানুষ |

**২) শূন্যস্থান পূরণ করঃ** (৫ × ১ = ৫)

| | |
|---|---|
| ২.১ | মক্ষিকাও গলে না গো পড়িলে .......অমৃত-হ্রদে............ । |
| ২.২ | গুরুমশায়ের ...........শ্যেনদৃষ্টি.......... এড়ানো বড়ো শক্ত। |
| ২.৩ | আজকে দিনের ...........দুঃখ........... যত। |
| ২.৪ | তোমার দেখি ...............জীবনখানা........ ষোলো আনাই মিছে । |
| ২.৫ | তবুও ...........সহানুভূতি........... জানালো না সেই বিরাট শক্ত ইমারত। |

**৩) একটি শব্দে উত্তর দাওঃ** (৫ × ১ = ৫)

| | | |
|---|---|---|
| ৩.১ | কে রাজার অসুখ সারাবার উপায় জানাল? | সন্ন্যাসী |
| ৩.২ | অপু বড় হয়ে কিসের দোকান করবে? | তামাকের |
| ৩.৩ | অপুর পাঠশালা কখন বসতো? | বৈকালে |
| ৩.৪ | কবি জীবনকে কার সাথে তুলনা করেছেন? | নদীর |
| ৩.৫ | অসহায় মোরগ খাবারের সন্ধানে বার বার কোথায় ঢুকতে চেষ্টা করে? | প্রাসাদে |

**৪) নীচের বাক্যগুলির সত্য/মিথ্যা বিচার কর** (৫ × ১ = ৫)

| | | |
|---|---|---|
| ৪.১ | মনের মন্দিরে সদা সেবে সর্বজন। | সত্য |
| ৪.২ | পাঠশালায় নবাগত ছাত্র অপুর বড়ো হাসি পাইল। | সত্য |
| ৪.৩ | তারপর একসময় আস্তাকুড়েও এল প্রচুর ইদুঁর। | মিথ্যা |
| ৪.৪ | পাঠশালায় সবসুদ্ধ কুড়িজন ছেলে মেয়ে পড়তে আসতো। | মিথ্যা |
| ৪.৫ | বসেছে আজ রথের তলায় দোলযাত্রার মেলা। | মিথ্যা |

**৫) বাঁদিকের শব্দের সাথে ডানদিকের অর্থ মিলিয়ে পাশাপাশি লেখঃ** (৫ × ১ = ৫)

| | বাঁদিক | | ডানদিক |
|---|---|---|---|
| ক) | নিমেষহারা | ক) | অপলক |
| খ) | কোটাল | খ) | নগররক্ষক |
| গ) | ডোবা | গ) | ছোট জলাশয় |
| ঘ) | সেলাম | ঘ) | অভিবাদন |
| ঙ) | তামরস | ঙ) | পদ্ম |

## বিভাগ-খ (২৫)

১) **অতি সংক্ষিপ্ত উত্তর দাওঃ** (৫ × ২ = ১০)

| | | |
|---|---|---|
| ১.১ | "তুমি এত হাসছ কেন?" - কে, কাকে একথা বলেছে? | মন্ত্রী ফকিরকে একথা বলেছে। |
| ১.২ | "আসুন আমার সঙ্গে" - কে, কাকে একথা বলেছে? | মার্তন্ডবাবু কাষ্ঠগোপালবাবুকে একথা বলেছেন। |
| ১.৩ | "এটা কি নাট্যশালা?" - কে, কাকে একথা বলেছে? | গুরুমশাই অপুকে একথা বলেছেন। |
| ১.৪ | "আমি কিছুতেই যাবনা" - কে, কাকে একথা বলেছে? | বিশুমাঝি উমেশকে একথা বলেছে। |
| ১.৫ | "কহ, গো শ্যামা জন্মদে" - কে, কাকে একথা বলেছে? | কবি মাইকেল মধুসূদন দত্ত তাঁর শ্যামলবরণী জন্মদাত্রীকে একথা বলেছেন। |

২) **সংক্ষিপ্ত উত্তর দাওঃ (যে কোন পাঁচটি)** (৫ × ৩ = ১৫)

| | | |
|---|---|---|
| ২.১ | রাজার অসুখ সারাতে কে কে এল? | রাজার অসুখ সারাতে ডাক্তার-বদ্যি, হাকিম, কবিরাজ সব দলে দলে এল। |
| ২.২ | বাবু ভয় পেয়েছিলেন কেন? | হঠাৎ ঝড় উঠে প্রবল ঢেউতে নৌকা ডুবুডুবু হওয়াতে বাবু ভয় পেয়েছিলেন |
| ২.৩ | ফকিরের চেহারা কেমন ছিল? | ফকিরের চেহারা ছিল পাগলা গোছের বুড়ো লোকের মতো; তার মাথাভরা চুল, মুখভরা দাড়ি, সমস্ত শরীর শুকিয়ে দড়ি হয়ে গিয়েছে। |
| ২.৪ | খেয়া পার হতে না পারলে দুই বন্ধুর কী ক্ষতি হবে? | খেয়া পার হতে না পারলে তারা মেডিকেল কলেজে ভর্তি হতে পারবে না। কারণ কালই ভর্তি হবার শেষ দিন; কাল ঠিক সময়ে পৌঁছতে না পারলে তাদের জায়গায় অন্য ছেলে নেওয়া হবে। |
| ২.৫ | অপুকে পাঠশালায় পৌঁছে দেওয়ার পর তার বাবা তাকে কী বললেন? | পাঠশালায় ছুটি হলে তিনি তাকে বাড়ি নিয়ে যাবেন; অপু যেন গুরুমশায়ের কথা শোনে; বসে বসে লেখে; দুষ্টুমি যেন নয়া করে। |
| ২.৬ | কেষ্টগোপালবাবুকে লোকে কেন চটাতে সাহস পেত না? | **কেষ্টগোপালবাবুকে** লোকে কেন চটাতে সাহস পেত না কারণ তাঁর অনেক টাকা আর পাড়ার অর্ধেক বাড়ির তিনি মালিক। |
| ২.৭ | আহারের জন্য মোরগ কীভাবে প্রতিবাদ জানিয়েছিল? | আহারের জন্য মোরগ সুতীক্ষ্ণ চিৎকারে প্রতিবাদ জানিয়ে ছিল ভোর থেকে সন্ধ্যে পর্যন্ত বিরাট শক্ত ইমারতের কাছে। |

## বিভাগ-গ (৪০)

১) উৎস উল্লেখ করে রচনাধর্মী প্রশ্নের উত্তর দাও (যে কোন ৮টি) : (৮ × ৫ = ৪০)

| | | |
|---|---|---|
| ১.১ | 'দাওয়াই' কথাটির অর্থ কি? মার্তন্ডবাবু কাঠগোপালবাবুকে কেমন দাওয়াই দিয়েছিলেন, তা নিজের ভাষায় লেখ। | লেখক নারায়ণ গঙ্গোপাধ্যায় রচিত 'দাওয়াই' গল্পে দাওয়াই কথাটির সাধারন অর্থ ওষুধ, কিন্তু গল্পে এর অর্থ উচিৎ শিক্ষা বা জব্দ – মার্তন্ডবাবু কাঠগোপালবাবুকে ঘোলের বদলে কাদাজল খাইয়ে উচিৎ শিক্ষা দিয়েছিলেন। |
| ১.২ | 'দুই খেয়া' গল্পে দুই বন্ধুর মধ্যে কাকে তোমার ভালো লাগে? - যুক্তিসহ লেখ। | বনফুল রচিত 'দুই খেয়া' গল্পে দুই বন্ধুর মধ্যে নবীনকে আমার ভাল লাগে – নবীন চিরকাল ন্যায়ের পথে চলেছে – নবীন দেশসেবক হয়েছে । |
| ১.৩ | 'পড়াশোনার চেয়ে এই গল্প শোনা অপুর অনেক বেশি ভালো লাগিত' – অপু কার কাছে কিসের গল্প শুনতে ভালবাসতো? সেই গল্প শুনে তার মনে যে কল্পনার ভাব উদয় হত, তা নিজের ভাষায় লেখ। | বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত 'অপুর পাঠশালা' গল্পে অপু পাঠশালায় রাজরায়ের কাছে আশাড়ুর হাটে তার তামাকের দোকান খোলার গল্প শুনতে ভালবাসত – বড় হয়ে সেও এরকম তামাকের দোকান দেওয়ার কল্পনা করত। |
| ১.৪ | "অবশ্য খাবার খেতে নয় - খাবার হিসেবে"। - উদ্ধৃত অংশটির তাৎপর্য বিশ্লেষণ কর। | কবি সুকান্ত ভট্টাচার্যের লেখা 'একটি মোরগের কাহিনী' কবিতায় মোরগের জীবনসংগ্রামের ছবি – বাঁচার জন্য খাদ্যের প্রয়োজন – খাদ্যের অভাবে খাবারে পরিণতি। |
| ১.৫ | 'রাজার অসুখ' শেষ পর্যন্ত কিভাবে সারল? গল্পটি পড়ে আমরা কী শিক্ষা পাই? | শিশুসাহিত্যিক সুকুমার রায় রচিত 'রাজার অসুখ' গল্পে রাজার মানসিক অসুখ বা দুর্বলতা ছিল – ফকিরের কথা মন্ত্রীর কাছে শুনে রাজা নিজেই নিজের মনের দুর্বলতা দূর করে নিজের অসুখ সারিয়ে ফেললেন। শিক্ষা - মানসিক সুখের কাছে সব অসুখই পরাজিত হয়। |
| ১.৬ | 'জীবনের হিসাব' কবিতাটি অবলম্বন করে কবিতায় বর্ণিত 'বাবু'র চারিত্রিক বৈশিষ্ট্য বর্ণনা কর। | 'জীবনের হিসাব' কবিতাটি কবি সুকুমার রায় রচিত 'খাইখাই' কাব্যগ্রন্থ থেকে সংকলিত । পুঁথিগত শিক্ষায় শিক্ষিত বাবুমশাই ছিলেন অহংকারী – বাস্তবজ্ঞানশূন্য মানুষ – অভিজ্ঞতালব্ধ কর্মশিক্ষার অভাব। |
| ১.৭ | 'সুখ ও দুঃখ' কবিতাটির মূলভাব নিজের ভাষায় লেখ। | বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'ক্ষনিকা' কাব্যগ্রন্থ থেকে 'সুখ ও দুঃখ' কবিতাটি নেওয়া হয়েছে। কবিগুরু জগন্নাথ দেবের মহাস্নান উৎসব উপলক্ষ্যে আয়োজিত একটি মেলার পটভূমিকায় সুখ এবং দুঃখের দুটি বিপরীত চিত্র বর্ণনা করেছেন। একটি পয়সার বিনিময়ে একজনের আনন্দের পাশাপাশি অপর একজনের দুঃখ-কাতর রূপ জীবন্ত হয়ে উঠেছে। |
| ১.৮ | "অমর করিয়া বর দেহ দাসে, সুবরদে!" - তাৎপর্য বিশ্লেষণ কর। | 'বঙ্গভূমির প্রতি' কবিতাটি কবি ইউরোপ যাত্রার পূর্বে তাঁর বন্ধু রাজণারায়ন বসুকে একটি পত্রের সাথে লিখে পাঠান। কবির বিদেশ যাত্রার প্রাক্কালে দেশজননী বঙ্গভূমির কাছে আকুল আবেদন, তাঁর সব দোষক্রটিকে দেশমাতা যদি ক্ষমাসুন্দর চোখে উপেক্ষা করে তাঁর গুণকে প্রাধান্য দেন তবেই তিনি আকাঙ্ক্ষিত অমরত্ব লাভ করতে পারবেন। |
| ১.৯ | 'যারা কেবল অসুখ-অসুখ ভাবে, তাদের খালি অসুখ করে।' – উদ্ধৃত অংশটির তাৎপর্য বিশ্লেষণ কর। | আলোচ্য অংশটি শিশুসাহিত্যিক সুকুমার রায় রচিত 'রাজার অসুখ' গল্পটির অন্তর্গত। মানুষের প্রধান সম্পদ মানসিক সুখ। এই সুখের অভাবেই মানুষ নিজেকে অসুখের আয়ত্তে সমর্পণ করে 'অসুখ' বোধ করে। সেই জন্য মানসিক দুর্বলতা ত্যাগ করা উচিৎ। |
| ১.১০ | 'একটি মোরগের কাহিনী' কবিতায় মোরগ কিসের প্রতীক? মোরগের জীবন সংগ্রামের যে পরিচয় আমরা পেয়েছি তা নিজের ভাষায় লেখ। | কবি সুকান্ত ভট্টাচার্যের লেখা 'একটি মোরগের কাহিনি' কবিতায় মোরগ হল নিপীড়িত সর্বহারা মানুষের প্রতীক। একটু খাবারের জন্য অসহায় মোরগ লড়াই করতে করতে একদিন নিজেই অন্যের খাবার হয়ে গেল। |